তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রতিমন্ত্রীর দপ্তর

প্রেস বিজ্ঞপ্তি

# ফিলিস্তিনের বিপক্ষে অপতথ্য ছড়ানো প্রতিরোধে ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি করতে হবে

-তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী

ঢাকা, ২৫ ফেব্রুয়ারি ২০২৪

ফিলিস্তিনের বিপক্ষে ইসরায়েলের বিভ্রান্তিকর অপতথ্য ছড়ানো প্রতিরোধের জন্য একটি সহযোগিতামূলক ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরির প্রস্তাব করেছেন বাংলাদেশের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত।

শনিবার স্থানীয় সময় বিকেলে তুরস্কের ইস্তাম্বুলে ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি)-এর সদস্য দেশগুলোর তথ্যমন্ত্রীদের ইসলামিক সম্মেলনের বিশেষ অধিবেশনে দেওয়া বক্তব্যে প্রতিমন্ত্রী এ প্রস্তাব করেন।

বিশেষ অধিবেশনের উদ্বোধনী পর্বে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েফ এরদোগান-এর ভিডিও বার্তা প্রচার করা হয়। ওআইসি মহাসচিব হিসেইন ব্রাহিম তাহা, ফিলিস্তিনের উপপ্রধানমন্ত্রী ও তথ্যমন্ত্রী নাবিল আবু রুদিইনেহ, তুরস্কের যোগাযোগ অধিদপ্তরের প্রেসিডেন্ট ফাহরেতিন আলতুন অধিবেশনের উদ্বোধন পর্বে বক্তব্য প্রদান করেন। ওআইসি-এর সদস্য রাষ্ট্রের তথ্যমন্ত্রীগণ বিশেষ এ অধিবেশনে অংশগ্রহণ করেন এবং ২৫ জন তথ্যমন্ত্রী নিজ নিজ দেশের হয়ে বক্তব্য প্রদান করেন।

বিশেষ এ অধিবেশনের প্রতিপাদ্য ছিল ‘অধিকৃত ফিলিস্তিন ভূখণ্ডে সাংবাদিক ও মিডিয়া আউটলেটের বিরুদ্ধে ইসরায়েলি দখলদার কর্তৃপক্ষের অপতথ্য এবং শত্রুতা’।

অধিবেশনে দেওয়া বক্তব্যে বাংলাদেশের তথ্য প্রতিমন্ত্রী আরও বলেন, গাজায় যেভাবে সাংবাদিকদের ক্রমাগত হত্যা এবং অপতথ্য ছড়ানোর ঘটনা ঘটছে, তা বিশ্ব খুব কমই দেখেছে। এই ধরনের অপতথ্য প্রচারের বিরুদ্ধে লড়াইয়ের জন্য, প্রতিরোধ গড়ে তোলার জন্য সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। অধিক দৃষ্টি আকর্ষণের জন্য বিশ্ব মিডিয়াতে সংঘাতপূর্ণ অঞ্চলে কর্মরত সাংবাদিকদের উপর ইসরায়েলি হামলার বিষয়টি তুলে ধরতে হবে। ফিলিস্তিনের বিপক্ষে বিভ্রান্তিকর অপতথ্য ছড়ানো প্রতিরোধে একটি সহযোগিতামূলক ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি করতে হবে। আমি ওআইসি সচিবালয়কে অবিলম্বে এ বিষয়ে একটি পরিকল্পনা প্রস্তুত করার অনুরোধ জানাচ্ছি। বাংলাদেশ ইসরায়েলের যুদ্ধাপরাধের দলিল সম্বলিত একটি মানসম্মত তথ্য ও দলিল পুল প্রতিষ্ঠার জন্য ওআইসি সচিবালয়ের প্রচেষ্টাকে সমর্থন করতে প্রস্তুত। সচিবালয় নিয়মিত সব সদস্য রাষ্ট্রের সাথে এসব তথ্য আদান-প্রদান করতে পারে। ওআইসি সচিবালয় ইসরায়েল দ্বারা ছড়ানো অপতথ্যের বিরুদ্ধে লড়াইয়ের জন্য একটি প্রশিক্ষণ কর্মসূচিও পরিচালনা করতে পারে।

এ সময় মোহাম্মদ আলী আরাফাত আরও যোগ করেন, ইসরায়েল গাজায় যে নিষ্ঠুরতা এবং আন্তর্জাতিক আইনের গুরুতর লঙ্ঘন করছে তা আড়াল করার জন্য পরিকল্পিতভাবে মিথ্যা এবং বিভ্রান্তিকর খবর প্রচার করেছে। ইসরায়েলের ঘৃণ্য বিভ্রান্তিমূলক প্রচারণা শিশু, মহিলা, বয়োজ্যেষ্ঠ, সাংবাদিক এবং মানবাধিকার কর্মীদের নির্বিচারে টার্গেট করাসহ নির্লজ্জ যুদ্ধাপরাধ ঢাকার প্রচেষ্টা।

প্রতিমন্ত্রী আরও বলেন, গাজায় ইসরায়েলের বর্বর হত্যাকান্ড একটি জাতির আশা-আকাঙ্ক্ষাকে ধ্বংস করছে এবং দখলকৃত জনগণকে তাদের মৌলিক অধিকার থেকে বঞ্চিত করছে। এই হত্যাযজ্ঞ বন্ধ করতে এবং বিশ্বকে সত্য জানাতে মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। এই ভয়াবহ পরিস্থিতিতে বাংলাদেশ ফিলিস্তিনিদের সমর্থন করে এবং তাদের পাশে রয়েছে।

প্রতিমন্ত্রী তার বক্তব্যে সাত দফা প্রস্তাবনা তুলে ধরেন। এগুলো হলো প্রথমত, ফিলিস্তিনে অবিলম্বে সংঘাত বন্ধ করা এবং মানবতাবিরোধী অপরাধের বিরুদ্ধে ন্যায়বিচার নিশ্চিত করা; দ্বিতীয়ত, গাজার বাসিন্দাদের জন্য খাদ্য, পানি,

ঔষধ এবং অন্যান্য জীবন রক্ষাকারী উপকরণের অবিচ্ছিন্ন, দ্রুত এবং নিরাপদ সরবরাহের জন্য একটি মানবিক করিডোর খোলা রাখা; তৃতীয়ত, যুদ্ধাপরাধ ও মানবতার বিরুদ্ধে অপরাধের জন্য ইসরায়েলকে দায়ী করা এবং আইসিজে-তে ইসরায়েলের বিরুদ্ধে আইনি লড়াইয়ে দক্ষিণ আফ্রিকাকে সমর্থন করা; চতুর্থত, জাতিসংঘ, আরব শান্তি উদ্যোগ এবং কোয়ার্টেট রোড ম্যাপে সকল সম্মত সিদ্ধান্তের বাস্তবায়ন প্রক্রিয়া পুনর্বিবেচনা করা; পঞ্চমত, ফিলিস্তিন ইস্যুতে মুসলিম উম্মাহর দ্ব্যর্থহীন ঐক্য প্রতিষ্ঠা এবং জাতিসংঘের রেজুলেশন ২৪২ এবং ৩৩৮ এর অধীনে ১৯৬৭-এর পূর্ববর্তী সীমান্তে পাশাপাশি বসবাসের জন্য একটি পরিষ্কার সময়রেখার পরিকল্পনা করব; ষষ্ঠত, ইসরায়েলি দখলদার বাহিনী দ্বারা পরিচালিত বিভ্রান্তিমূলক প্রচারণার নিন্দা জানিয়ে সম্মিলিতভাবে আওয়াজ তোলা এবং নিরপরাধ বেসামরিক ও পেশাজীবীদের হত্যাকাণ্ড ধামাচাপা দিতে ইসরায়েলের কর্মকাণ্ড তুলে ধরা এবং সপ্তমত, ওআইসি মিডিয়া ফোরাম প্রতিষ্ঠার জন্য জরুরি পদক্ষেপ নেয়া।

স্বাক্ষরিত/-
মো. ইফতেখার হোসেন
জনসংযোগ কর্মকর্তা
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
মোবাইল: ০১৭৭৫২২৫৬৯০।

Ministry of Information and Broadcasting
Office of the State Minister

Press Release

# Digital platform to be created to combat spreading of disinformation against Palestine

- State Minister for Information and Broadcasting

Dhaka, 25 February 2024

State Minister for Information and Broadcasting of Bangladesh Mohammad Ali Arafat has proposed the creation of a collaborative digital platform to combat spreading of disinformation by Israel against Palestine.

State Minister made this proposal in a speech given at the special session of the Islamic Conference of Information Ministers of the member states of the Organization of Islamic Cooperation (OIC) in Istanbul, Turkey, on Saturday afternoon local time.

A video message from Turkish President Recep Tayyip Erdogan was broadcasted at the opening of the special session. OIC Secretary General Hissein Brahim Taha, Palestinian Deputy Prime Minister and Minister of Information Nabil Abu Rudeineh, Turkey's Communications Directorate President Fahrettin Altun delivered speeches at the opening of the session. Information Ministers of OIC member states participated in this special session and 25 among them delivered speeches on behalf of their countries.

The theme of the special session was 'The Israeli Occupation Authority’s Disinformation and Hostility against Journalists and Media Outlets in the Occupied Palestinian Territory'.

In his speech at the session, Bangladesh's State Minister for Information also said, the world has hardly seen the continued killing of journalists and spreading of disinformation in Gaza. To combat against such disinformation, a collaborative effort is needed. Israeli attacks on journalists working in conflict zones should be highlighted in the world media to attract more attention. A collaborative digital platform must be created to combat the spreading of misleading disinformation against Palestine. I request the OIC Secretariat to immediately prepare a plan in this regard. Bangladesh is ready to support the efforts of the OIC Secretariat to establish a standard information and documents pool containing documents of war crimes committed by Israel. The Secretariat may regularly exchange this information with all member states. The OIC Secretariat could also conduct a training program to combat disinformation spread by Israel.

At that time, Mohammad Ali Arafat added, Israel has systematically disseminated false and misleading news to hide the cruelty and grave violation of international law in Gaza. Israel's despicable disinformation campaign is an attempt to cover up blatant war crimes, including indiscriminate targeting of children, women, the elderly, journalists and human rights activists.

State Minister further said, Israel's barbaric killings in Gaza are destroying the aspirations of a nation and depriving the occupied people of their fundamental rights. The Muslim Ummah must work together to stop this massacre and let the world the truth. Bangladesh supports and stands by the Palestinians in this dire situation.

In his speech, State Minister outlined seven points of recommendations. First, to immediately stop the conflict in Palestine and ensure justice against crimes against humanity; second, to keep open a humanitarian corridor for a continuous, rapid and safe supply of food, water, medicine and other life-saving materials to the residents of Gaza; third, hold Israel accountable for war crimes and crimes against humanity and support South Africa in legal fight against Israel at the ICJ; fourth, revisit the implementation process of all the agreed decisions in the UN, Arab Peace Initiative and the Quartet Road Map; fifth, unequivocal unity of the Muslim Ummah on the issue of Palestine and to plan a clear timeline to have a two-state solutions with the pre-1967 border living side by side under UN resolutions 242 and 338; Sixth, to raise a collective voice condemning the disinformation campaign run by the Israeli occupation forces and to highlight the actions of Israel to cover up the massacre and murder of innocent civilians and professionals and seventh, to take urgent steps to establish the OIC Media Forum.

Signed/-
Md. Iftekhar Hossain
Public relations officer
Ministry of Information and Broadcasting
Mobile: 01775225690.